গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট
সভার স্থান : Zoom Application-এর মাধ্যমে
সভার তারিখ ও সময়: ০১ আগস্ট ২০২১, সকাল ১০.৩০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করা হয়। সেসাথে বঙ্গমাতা ও জাতির জনকের পরিবারের যেসকল সদস্য শাহাদৎবরণ করেছেন তাদের সকলের আত্মার মাগফেরাত কামনা করা হয়। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালনের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং অন্যান্য মন্ত্রণালয় হতে প্রাপ্ত কার্যবিবরণী অনুসারে আলোচ্যসূচি নির্ধারণ করে বিস্তারিত আলোচনা করা হয়। জাতীয় কর্মসূচির আলোকে ও সার্বিক করোনা পরিস্থিতি বিবেচনায় সর্বসম্মতভাবে সিলেট জেলায় নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ গৃহীত হয়।

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ১৫ আগস্ট ২০২১ সূর্যোদয়ের সাথে সাথে | সকল সরকারি, আধাসরকারি, বেসরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা | সকল সরকারি, আধা-সরকারি, বেসরকারি, শিক্ষা প্রতিষ্ঠান ও অন্যান্য ভবনসমূহ | স্ব স্ব ভবন কর্তৃপক্ষ |
| ২ | ১৫ আগস্ট ২০২১ সকাল ৮.৩০ ঘটিকা | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট প্রাঙ্গণে স্থাপিত বঙ্গবন্ধু ম্যুরাল | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট |
| ৩ | ১৫ আগস্ট ২০২১ সকাল ১১.০০ ঘটিকা | স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর আলোচনা সভা | Zoom Application-এর মাধ্যমে | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট |
| ৪ | ১৫ আগস্ট ২০২১ বাদ যোহর | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি মেনে সকল মসজিদে বিশেষ মোনাজাত | সকল মসজিদ | পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |
| | ১৫ আগস্ট ২০২১ সুবিধামত সময়ে | সুবিধামত সময়ে সকল মন্দির, গীর্জা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা | স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান | স্ব স্ব ধর্মীয় প্রতিষ্ঠান প্রধানগণ |
| ৫ | ১৫ আগস্ট ২০২১ সুবিধাজনক সময়ে | দোয়া মাহফিল আয়োজন | সরকারি শিশু পরিবারসহ অন্যান্য প্রতিষ্ঠান | স্ব স্ব প্রতিষ্ঠান প্রধানগণ |
| ৬ | ১৫ আগস্ট ২০২১ | বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ এবং অন্যান্য ভাষণ প্রচার | নগরীর গুরুত্বপূর্ণ স্থানসমূহে | (১) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br>(২) জেলা তথ্য অফিসার, সিলেট |
| ৭ | আগস্ট মাসব্যাপী | (ক) জাতীয় শোক দিবস-২০২০ উপলক্ষে বিশেষ অনুষ্ঠানমালা প্রচার<br>(খ) বঙ্গবন্ধুর অসমাপ্ত | -- | আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট |

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| | | আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থ দুটির পাঠ প্রচার | | |
| ৮ | ১৫ আগস্ট ২০২১ | স্থানীয় দৈনিক সংবাদপত্রসমূহে বিশেষ ক্রোড়পত্র/নিবন্ধ প্রকাশ | -- | (১) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রেসক্লাব, সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব, সিলেট<br>(২) সম্পাদক/প্রকাশক, স্থানীয় দৈনিক পত্রিকা |
| ৯ | ১৫ আগস্ট ২০২১ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবস-এর সাথে সঙ্গতি রেখে আলোচনাসভা, কবিতা আবৃত্তি, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়ার আয়োজন | অনলাইনভিত্তিক | (১) জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>(২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |
| ১০ | ১৫ আগস্ট ২০২১ | শিশুদের অংশগ্রহণে চিত্রাঙ্কন, আবৃত্তি ও ভাষণ প্রতিযোগিতা আয়োজন | অনলাইনভিত্তিক | জেলা কালচারাল অফিসার, সিলেট |
| ১১ | ১৫ আগস্ট ২০২১ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উপর আলোকচিত্র ও চারুকলার প্রদর্শনী আয়োজন | ভার্চুয়াল গ্যালারির মাধ্যমে | শাহ আলম গ্যালারী অব ফাইন আর্টস/ আর্ট এন্ড অটিস্টিক স্কুল, সিলেট |
| ১২ | ১৫ আগস্ট ২০২১ | ছড়া ও কবিতা আবৃত্তি এবং অসমাপ্ত আত্মজীবনী বইয়ের নির্ধারিত অংশ পাঠ প্রতিযোগিতা | অনলাইনভিত্তিক | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ১৩ | ১৫ আগস্ট ২০২১<br>সারাদিনব্যাপী | জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের লক্ষ্যে আগত ব্যক্তিদের স্বাস্থ্যসুরক্ষার্থে বিনামূল্যে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ | জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট প্রাঙ্গণ | জেলা পরিষদ, সিলেট |
| ১৪ | ১৫ আগস্ট ২০২১<br>সুবিধাজনক সময়ে | বিনামূল্যে মাস্ক বিতরণ | সমগ্র জেলা | (১) জেলা প্রশাসন, সিলেট<br>(২) সিলেট সিটি কর্পোরেশন |
| ১৫ | ১৫ আগস্ট ২০২১<br>সুবিধাজনক সময়ে | করোনা সংক্রমণ ও প্রতিরোধ বিষয়ে সচেতনতামূলক লিফলেট বিতরণ | সমগ্র জেলা | (১) সিভিল সার্জন, সিলেট<br>(২) উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট |

২। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং ১৫ আগস্টের সকল শহিদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপনের উদ্দেশ্যে ১ আগস্ট হতে সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত, স্থানীয় সরকার, শিক্ষা ও বেসরকারি প্রতিষ্ঠানের ভবনে ড্রপডাউন ব্যানার (ভবনের উপর থেকে নিচ পর্যন্ত) লাগাতে হবে।

৩। জাতীয় শোক দিবস-২০২১ যথাযথভাবে পালনের নিমিত্ত গৃহীত কর্মসূচি চলাকালীন প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের জন্য পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট ও পুলিশ সুপার, সিলেটকে অনুরোধ করা হয়।

৪। সিলেট মেট্রোপলিটন এলাকাসহ সমগ্র জেলায় জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদার সাথে পালনের নিমিত্ত ডিজিটাল বিলবোর্ড/ইলেক্ট্রনিক বিলবোর্ড এবং মাইকিং এর মাধ্যমে দিবসটির কর্মসূচির ব্যাপক প্রচার কার্যক্রম পরিচলনার জন্য সিলেট সিটি কর্পোরেশন, জেলা তথ্য অফিস ও উপজেলা নির্বাহী অফিসার (সকল) কে অনুরোধ করা হয়।

৫। জাতীয় শোক দিবস উপলক্ষে স্ব স্ব প্রতিষ্ঠান ভার্চুয়াল পদ্ধতিতে শিক্ষার্থীদের অংশগ্রহণে রচনা, চিত্রাঙ্কন ও অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজন করবে।

৬। ধর্ম মন্ত্রণালয় ও ইসলামিক ফাউন্ডেশনের নির্দেশনা মোতাবেক ইসলামিক ফাউন্ডেশন, সিলেট শোক দিবস পালন করবে।

৭। জাতীয় শোক দিবস উপলক্ষে গঠিত উপ-কমিটি সুবিধাজনক সময়ে অনলাইনভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন করবে।

**অনলাইনভিত্তিক সাংস্কৃতিক প্রতিযোগিতা উপ-কমিটি**

- প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট........................................................... আহব্বায়ক
- জেলা শিক্ষা অফিসার, সিলেট ........................................................................সদস্য
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট.................................................................সদস্য
- জেলা কালচারাল অফিসার, সিলেট ...................................................................... সদস্য
- জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট ................................................................... সদস্য
- প্রতিনিধি, সম্মিলিত সাংস্কৃতিক জোট.....................................................................সদস্য
- প্রতিনিধি, সম্মিলিত নাট্য পরিষদ.......................................................................... ....... সদস্য

৮। জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট এর অধীনস্থ সরকারি শিশু পরিবারসমূহে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী পবিত্র কোরআন তেলাওয়াত, আলোচনা অনুষ্ঠান, চিত্রাংকন প্রতিযোগিতা, হামদ-নাত ও দোয়া মাহফিলের আয়োজন করতে হবে।

৯। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় এবং ভাবগম্ভীর পরিবেশে পালনের নিমিত্ত জাতীয় কর্মসূচি ও জেলা প্রশাসন কর্তৃক প্রণীত কর্মসূচির আলোকে স্বাস্থ্যবিধি মেনে স্থানীয়ভাবে কর্মসূচি প্রণয়নপূর্বক যথাযথভাবে বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সকল চেয়ারম্যান, সকল উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার,পৌর মেয়র এবং ইউপি চেয়ারম্যান-কে অনুরোধ করা হয়। এছাড়া, সকল এনজিও দিবসটি পালনের ব্যবস্থা গ্রহণ করবে।

১০। বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদান করবে।

১১। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৮ জুলাই ২০২১ তারিখে জারিকৃত স্বাপকম/জনস্বাস্থ্য-১/রোগ-২/এনএমটিএফ/২০১০/১৭৮ নম্বর স্মারকে জারিকৃত নির্দেশিকা মোতাবেক **শ্রদ্ধাজ্ঞাপন স্থানে একসাথে ১৫-২০ জনের বেশি মানুষ প্রবেশ করতে পারবেন না।** আগত ব্যক্তিবর্গ নির্দিষ্ট দূরত্ব (৩ ফুট/কমপক্ষে দুই হাত) বজায় রেখে লাইন করে সারিবদ্ধভাবে প্রবেশ করবেন। সমাবেশে আগত সকলকে বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করতে হবে, সর্দি-কাশি, জ্বর বা শ্বাসকষ্ট নিয়ে অনুষ্ঠানস্থলে কেউ উপস্থিত হবেন না। এছাড়া, বর্ণিত স্মারকে উল্লিখিত অন্যান্য স্বাস্থ্যবিধি অনুসরণ করে দিবসটি পালন করতে হবে।

১২। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক সকল দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাগণকে সক্রিয় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হয়।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬মত শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় পালনে সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। গৃহীত সকল কর্মসূচিতে আন্তরিকভাবে অংশগ্রহণ এবং বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গঠনে সকলের ঐকান্তিক প্রচেষ্টার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৭।৮।২১

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.৫৮.০০৮.১৮.১৩৮

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৭
০২ আগস্ট ২০২১

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশে সচিবালয়, ঢাকা
২. মাননীয় সংসদ সদস্য ................................ আসন
৩. প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি
৪. সিনিয়ির সচিব, জনপ্রশাসন মন্ত্রনালয়
৫. সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
৬. কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৭. ডিআইজি, সিলেট রেঞ্জ, সিলেট
৮. পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
৯. পরিচালক, সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ ও হাসপাতাল, সিলেট
১০. পুলিশ সুপার, সিলেট
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক র্কমসংস্থান মন্ত্রণালয়
১২. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন/জেলা পরিষদ, সিলেট
১৩. সিভিল সার্জন, সিলেট
১৪. বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট
১৫. নির্বাহী প্রকৌশলী, ...................................................................................... (সকল), সিলেট
১৬. উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
১৭. অধ্যক্ষ,..........................................................................................,সিলেট
১৮. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট
১৯. পরিচালক,.........................................................................................,সিলেট
২০. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট
২১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ.....................................................................(সকল), সিলেট
২২. উপজেলা নির্বাহী অফিসার ........................................................................ (সকল), সিলেট
২৩. সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট জেলা আওয়ামীলীগ
২৪. সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট মহানগর আওয়ামীলীগ
২৫. উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক লি:/সোনালী ব্যাংক লি:/বাংলাদশে কৃষি ব্যাংক, সিলেট
২৭. উপপরিচালক/সহকারী পরিচালক.............................................................. (সকল), সিলেট
২৮. জেলা...........................................................................কর্মকর্তা, সিলেট
২৯. জেনারেল ম্যানেজার, সিলেট পল্লীবিদ্যুৎ সমিতি-১ ও ২, সিলেট
৩০. নেজারত ডেপুটি কালেক্টর, সিলেট
৩১. সাবেক কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, জেলা/মহানগর ইউনিট, সিলেট
৩২. সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট প্রসেক্লাব/সিলেট জেলা প্রেসক্লাব/অনলাইন প্রেসক্লাব, সিলেট
৩৩. জনাব/মিজ্.........................................................................................

০২.৮.২১

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক
সিলেট